



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA- 700019



CLASS – I

TERM - SECOND

SUBJECT- BENGALI ANSWER WORKSHEET – 14

DATE – 18.09.2020

Topic – বোধপরীক্ষণ

নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

এক গাধা আর এক শেয়াল জোট বাঁধলো যে তারা একসাথে খাবার জোগাড় করবে। বনে ঢুকতেই তারা দেখে এক সিংহ আসছে। শেয়াল তাড়াতাড়ি সিংহের কাছে গিয়ে তাকে বলল, যে সিংহ যদি তাকে না মারে তবে সে গাধাকে তার হাতে তুলে দেবে। সিংহ রাজি হয়ে গেল, সে শেয়ালের কোন ক্ষতি করবে না। শেয়াল তখন গাধাকে পথ দেখানোর ছল করে এক গভীর গর্তে নিয়ে গিয়ে ফেলল। সিংহ যেই দেখল যে গাধা বিপদে পড়ে গেছে তখন প্রথমেই সে থাবা মেরে শেয়ালটাকে খেল, আর তারপর ধীরে ধীরে সময় নিয়ে গাধাটাকে মেরে ফেলল।

১) উপরের অংশটি থেকে নিয়ে ও – কার দিয়ে দুটি বানান লেখো।

উঃ জোট, জোগাড়

২) উপরের অংশটি থেকে নিয়ে ই- কার দিয়ে দুটি বানান লেখো।

উঃ সিংহ, তাড়াতাড়ি

৩) উপরের অংশটি থেকে কথা নিয়ে খালি ঘরে লেখো।

ক) বনে ঢুকতেই তারা দেখে এক সিংহ আসছে।

খ) সিংহ রাজি হয়ে গেল, সে শেয়ালের কোন ক্ষতি করবে না।

৪) বাক্য রচনা করো।

ক) তাড়াতাড়ি – আমি খুব তাড়াতাড়ি সাইকেল চালাতে পারি।

খ) বিপদ – আমাদের কাউকে বিপদে ফেলা উচিত নয়।

৫) উত্তর লেখো।

ক) গাধা ও শেয়াল একসাথে জোট বেঁধেছিল কেন?

উঃ খাবার জোগাড় করার জন্য গাধা ও শেয়াল একসাথে জোট বেঁধেছিল।

খ) গাধাকে বিপদে পড়তে দেখে সিংহ কী করেছিল?

উঃ সিংহ যেই দেখল যে গাধা বিপদে পড়ে গেছে তখন প্রথমেই সে থাবা মেরে শেয়ালটাকে খেল, আর তারপর ধীরে ধীরে সময় নিয়ে গাধাটাকে মেরে ফেলল।